



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY
তথ্য ও গণসংযোগ বিভাগ
গাজীপুর-১৭০৫, ফোন : ৯২৯১১১৯

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”



প্রেস রিলিজ

২১ ফেব্রুয়ারি ২০২২

বাউবিতে অমর একুশে ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত



ক্যাপসন: বাউবির উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার এর নেতৃত্বে গাজীপুরস্থ ক্যাম্পাসে ভাষা শহিদদের প্রতি শ্রদ্ধা নিবেদন।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে অমর একুশে ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপিত হয়। দিবসটি উপলক্ষে ২১ ফেব্রুয়ারি ২০২২, সোমবার সকালে বাউবির গাজীপুরস্থ ক্যাম্পাসের শহিদ মিনারে উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার-এর নেতৃত্বে প্রো-উপাচার্য অধ্যাপক ড. নাসিম বানু (প্রশাসন), প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন, রেজিস্ট্রার ড. মহা: শফিকুল আলম, ডিন, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ পুষ্পস্তবক অর্পণ করে ভাষা শহিদদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন। এরপরে বাউবি শিক্ষক সমিতি, বঙ্গবন্ধুর আদর্শে বিশ্বাসী শিক্ষক ফোরাম, বাউবি ডিরেক্টরস্ কাউন্সিল, বঙ্গবন্ধুর আদর্শে বিশ্বাসী কর্মকর্তা পরিষদ ও স্থানীয় শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও শিক্ষার্থীরা পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে ভাষা শহিদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করে।

সূর্যোদয়ের সাথে সাথে গাজীপুর মূল ক্যাম্পাসে উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার জাতীয় পতাকা অর্ধনমিত এবং ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল কালো পতাকা উত্তোলন করেন। একই সাথে দেশ জুড়ে অবস্থিত ১২টি আঞ্চলিক ও ৮০টি উপ-আঞ্চলিক কেন্দ্রে একযোগে জাতীয় পতাকা অর্ধনমিতকরণ ও কালো পতাকা উত্তোলন করা হয়। এছাড়াও একুশের প্রথম প্রহরে বাউবি উপাচার্য, প্রো-উপাচার্য (প্রশাসন), প্রো-উপাচার্য (শিক্ষা) এবং ঢাকা আঞ্চলিক কেন্দ্রের কর্মকর্তা, কর্মচারীগণ কেন্দ্রীয় শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে ভাষা শহিদদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন। আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্রের প্রধানগণ স্থানীয় শহিদ মিনারে বিশ্ববিদ্যালয়ের পক্ষে পুষ্পস্তবক অর্পণ করে ভাষা শহিদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন।

(ড. মেজবাহ উদ্দিন তুহিন)

পরিচালক (ভারপ্রাপ্ত)

০১৭১২-৫৯৯৫০৪